



শ্রেষ্ঠত্বের পুরস্কার পেল বিজ্ঞান জাদুঘর

ফেব্রুয়ারি ২৭, ২০২১



সরকারের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে অসাধারণ দক্ষতা প্রদর্শনের জন্য জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরকে ২০১৯-২০২০ অর্থ বছরে 'সেরা প্রতিষ্ঠান' হিসেবে স্বীকৃতি দিয়েছে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো: আনোয়ার হোসেন মন্ত্রণালয়ের সভাকক্ষে বুধবার জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরীর হাতে শ্রেষ্ঠত্বের স্বীকৃতি স্বরূপ সম্মাননা (ফ্রেস্ট ও সনদপত্র) প্রদান করেন।

পরবর্তীতে বিজ্ঞান জাদুঘরের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে ঐ দিন আয়োজিত এক বিশেষ সভায় মুনীর চৌধুরী বলেন, “এ সাফল্য অর্জনের কৃতিত্ব গার্ড, সুইপার, ড্রাইভার, টেকনিশিয়ান থেকে কর্মকর্তা পর্যন্ত সবার। প্রত্যেকের শ্রম ও মেধার বিনিময়ে এ সম্মান প্রাপ্তি। সৎ ও নিবেদিত প্রাণ হয়ে কাজ করলে যে কোন প্রতিষ্ঠানকে উন্নতির শিখরে উন্নীত করা সম্ভব। ৯টা-৫টা সময় মেপে মেপে চাকুরি করা যায়, কিন্তু দেশ বা প্রতিষ্ঠানকে কিছু দেয়া যায় না। বিজ্ঞান জাদুঘরকে আন্তর্জাতিক মানে উন্নীত করতে কঠোর পরিশ্রমের বিকল্প নেই”। উল্লেখ্য, করোনা মহামারিতে বিজ্ঞান জাদুঘরের কার্যক্রম বন্ধ কর হয়নি। স্বাস্থ্যবিধি মেনে নিয়মিত বিজ্ঞান বিষয়ক কর্মসূচির মাধ্যমে লক্ষ লক্ষ শিক্ষার্থীদের প্রানবন্ত রেখেছে এ প্রতিষ্ঠান।

২০১৯-২০ অর্থবছরে এ প্রতিষ্ঠানের মাধ্যমে উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে ২৩৫৫ টি অনুষ্ঠান ও প্রতিযোগিতার আয়োজন করা হয়। এছাড়া পরিবেশ সুরক্ষা ও সবুজায়ন এবং আধুনিক যন্ত্রপাতি ক্রয় করে প্রতিষ্ঠানের সক্ষমতা বহুগুণ বৃদ্ধি করা হয়েছে।